

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 22-05-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

TBSE Result :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ সভাপতি জগদীশ গনচৌধুরী জানিয়েছেন, পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল চলতি মাসের শেষ সপ্তাহে প্রকাশিত হবে। খাতা দেখা ইতিমধ্যেই শেষ হয়ে গেছে। তিনি বলেন, পরীক্ষার ফলাফল প্রকাশিত হবার পর বছর বাঁচাও পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি জারি করবে মধ্যশিক্ষা পর্ষদ।

Buddha Purnima :

আগামীকাল বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আজ বেনুবন বিহার বুদ্ধ মঠের উদ্যোগে আগরতলার অটল বিহারী রিজিওনাল ক্যান্সার হাসপাতালে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। বিকেল চারটায় বেনুবন বুদ্ধ বিহারে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। শনিবার সন্ধ্যা ছয়টায় বেনুবন বিহারকে আলোকমালায় সাজিয়ে তোলা হবে। আগামীকাল ২৫৬৮ তম বুদ্ধ জয়ন্তী অর্থাৎ বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে বেনুবন বিহারের মূল অনুষ্ঠানের আয়োজন

করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি ন্যাল্লু। সেই সাথে এক আলোচনাসভার আয়োজন করা হয়েছে। এছাড়া রাজ্যের অন্যান্য বুদ্ধমঠ ও বুদ্ধ বিহারে বুদ্ধ জয়ন্তী উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

TSECL :

বিদ্যুৎ সরবরাহ বাবদ বাংলাদেশের কাছ থেকে ত্রিপুরার গত তিন মাসেরও বেশি সময়ের পাওনা বকেয়া রয়েছে। এই বকেয়া টাকা মিটিয়ে দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের তরফে বাংলাদেশ সরকারকে অনুরোধ করা হয়েছে। ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের এম ডি দেবশিস সরকার জানিয়েছেন ত্রিপুরা বাংলাদেশের কাছে বর্তমানে দৈনিক ১১০ থেকে ১২০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করে। বাংলাদেশের কাছ থেকে ৩ কোটি টাকারও বেশি পাওনা রয়েছে বলে তিনি জানান।

Election Campaign :

অষ্টাদশ লোকসভা নির্বাচনের ষষ্ঠ ও সপ্তম পর্বের জন্য প্রচার জোরদার হয়ে উঠেছে। প্রধানমন্ত্রী তথা বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদি আজ উত্তর প্রদেশে দু'টি জনসভায় ভাষণ দেবেন। গতকাল বিহারের মতিহারির গান্ধী ময়দানে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে তিনি কংগ্রেসের বিরুদ্ধে পরিবারতন্ত্র ও দুর্নীতির অভিযোগ করেন।

প্রধানমন্ত্রী গতকাল মহারাজগঞ্জ সংসদীয় আসনের গোরিয়াকোঠির আগিয়া মাঠে এবং প্রয়াগরাজে একটি সমাবেশে ভাষণ দেন। পরে তিনি বারাণসীতে ২৫ হাজারেরও বেশি মহিলার সঙ্গে মতবিনিময় করেন। তিনি সম্পূর্ণানন্দ সংস্কৃত বিশ্ববিদ্যালয়ে 'মাতৃ শক্তি সম্মেলন'-এ যোগ দেন। আরজেডি নেতা তেজস্বী প্রসাদ যাদব মহাজোটের প্রার্থীদের সমর্থনে জিরাদেই, মতিহারি এবং শেওহরে জনসভা করেন।

Training for Counting Officials :

আগামী চৌঠা জুন অনুষ্ঠেয় লোকসভা নির্বাচনের ভোটগণনাপর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ঊনকোটি জেলাতে প্রশাসনিক প্রস্তুতি শুরু হয়েছে। গতকাল ঊনকোটি জেলার কুমারঘাটের পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে গণনাকর্মীদের প্রথম পর্যায়ের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার অতিরিক্ত জেলাশাসক দশরথ দেববর্মা, পূর্ব ত্রিপুরা সংসদীয়

আসনের সহকারী রিটার্নিং অফিসার তথা কুমারঘাটের মহকুমা শাসক এন,এস,চাকমা প্রমুখ।

NSD WORKSHOP :

ন্যাশনাল স্কুল অব ড্রামার উদ্যোগে ধর্মনগরে গতকাল থেকে শুরু হলো কুড়ি দিনের গ্রীষ্মকালীন নাট্য কর্মশালা। ধর্মনগর সরকারি বালিকা বিদ্যালয়ের অডিটোরিয়ামে এই নাট্য কর্মশালার উদ্বোধন করেন উত্তর জেলার অবসরপ্রাপ্ত শিক্ষা অধিকারিক রিপন চক্রবর্তী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নাট্য ব্যক্তিত্ব স্বরূপ ঘোষ ও রঞ্জিত পুরকায়স্থ প্রমুখ। কুড়ি দিনের এই কর্মশালায় প্রশিক্ষক হিসেবে এসেছেন দিল্লির রজনীস বিস্ট, মণিপুর থেকে হিরম রবীন্দ্র সিং ও পূজা সেন। গোটা প্রশিক্ষণ শিবিরের কার্ডিনেটরের দায়িত্বে রয়েছেন কৌস্তভ চক্রবর্তী।

NAZRUL BIRTHDAY CELEBRATION :

নানা কর্মসূচির মধ্য দিয়ে আগামী ২৫ শে মে কাজী নজরুল ইসলামের ১২৫ তম জন্মজয়ন্তী পালন করবে নজরুল স্মৃতি মঞ্চ। গতকাল প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে সংগঠনের

সম্পাদক মুজাহিদ রহমান জানিয়েছেন, নজরুলের জন্মজয়ন্তীকে বর্ণময় করে তোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

AIKS Deputation :

দক্ষিণ জেলার অচল সেচ প্রকল্পগুলি সচল করা ও সব কৃষিজমিগুলি সেচের আওতায় আনার দাবি সহ কৃষি ও কৃষকের স্বার্থবাহী নানা দাবিতে গতকাল জল সম্পদ দপ্তরের বিলোনিয়ার নির্বাহী বাস্তুকারের কাছে স্মারকলিপি প্রদান করলো সারা ভারত কৃষক সভার দক্ষিণ জেলা কমিটি। সংগঠনের জেলা সম্পাদক মিহির পাটারীর নেতৃত্বে এক প্রতিনিধি দল মুখ্য বাস্তুকার সহ জল সম্পদ দপ্তরের আধিকারিকদের কাছে কৃষকের স্বার্থবাহী দাবিগুলি তুলে ধরেন।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

Weather :

আগামী ৫ই জুনের মধ্যে রাজ্যে বর্ষা প্রবেশের সম্ভাবনা রয়েছে। আবহাওয়া বিভাগের অধিকর্তা ড: পার্থ রায় এখবর জানান। এবার বর্ষায় স্বাভাবিক বৃষ্টিপাত হতে পারে বলে জানিয়েছেন ড: রায়। আবহাওয়া পূর্বাভাষ উল্লেখ করে তিনি জানান, আগামী ২৩শে মে পর্যন্ত রাজ্যের বিভিন্ন স্থানে বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ও ২৫শে মে রাজ্যের সব জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের পাশাপাশি ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রী এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ সকাল থেকেই পশ্চিম জেলা সহ রাজ্যের বিভিন্ন জেলায় মাঝারি ও ভারী বর্ষণ শুরু হয়েছে ।
